

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ২ চৈত্র ১৪১৪ বঙ্গাব্দ/১৬ মার্চ ২০০৮ খ্রিস্টাব্দ

নং ০৭ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৩০ ফাল্গুন, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৩ মার্চ, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৭, ২০০৮

সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ (২০০৬ সনের ৬নং আইন) এর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ (২০০৬ সনের ৬নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ সার (ব্যবস্থাপনা) (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১৪৭৩)

মূল্য : টাকা ২.০০

২। ২০০৬ সনের ৬নং আইন এর ধারা ২ এর সংশোধন।—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ (২০০৬ সনের ৬নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (৭) এরপর নিম্নরূপ নূতন দফা (৭ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(৭ক) “জৈব সার বা Organic Fertilizer” অর্থ জৈব পদার্থ হইতে সংগৃহীত, প্রক্রিয়াজাত অথবা রূপান্তরিত সার;”;

(খ) দফা (২০) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২০) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(২০) “মিশ্র সার বা Mixed Fertilizer” অর্থ বিভিন্ন ধরনের রাসায়নিক অথবা জৈব সারের মিশ্রণ হইতে প্রস্তুতকৃত সার;”;

(গ) দফা (২৪) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২৪) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(২৪) “সার বা Fertilizer” অর্থ রাসায়নিক সার, জৈব সার ও জীবাণু সার এবং ইহা ছাড়াও সরলসার, মিশ্রসার, যৌগিকসার, অনুপুষ্টি সার এবং সারজাতীয় দ্রব্যও ইহার অন্তর্ভুক্ত হইবে;”।

৩। ২০০৬ সনের ৬নং আইন এর ধারা ৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (২) এর দফা (খ) এরপর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(খখ) বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত ও বাজারজাতকৃত জৈব সারের বিনির্দেশ অনুমোদনের বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশকরণ;”।

৪। ২০০৬ সনের ৬নং আইন এর ধারা ১৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৩ এর উপ-ধারা (১) এর দফা (চ) এর প্রান্তস্থিত দাঁড়ির “। ” পরিবর্তে সেমিকোলন “; ” প্রতিস্থাপিত হইবে এবং উহার পর নিম্নরূপ নূতন দফা (ছ) ও (জ) সংযোজিত হইবে, যথাঃ—

“(ছ) উৎপাদনের তারিখ; এবং

(জ) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।”।

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪১৪ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।